



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২ ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং:ময়শিবো//পনি/বিবিধ/০৮/০২/১৯/০৬

তারিখ : ১৩/০১/২০২০খি:

ETIF/OTP (ONLINE TEACHERS PROFILE) এর জন্য অনুসরণীয় দিক নির্দেশনা :

- ১। প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত শিক্ষকদের OTP-পূরণ নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো (১৪/০১/২০২০ থেকে ২১/০১/২০২০ নির্ধারিত সময়ের মধ্যে।
- ২। BEDU-(BANGLADESH EXAMINATION DEVELOPMENT UNIT) কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত (অনলাইন/সরাসরি) না হলে প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করা থেকে বিরত থাকুন। প্রধান শিক্ষক তথ্য/তথ্যাদি অনুমোদনকারী হিসেবে দায় এড়ানোর সুযোগ নেই বিধায় প্রেরিত অগ্রায়ন পত্র স্বাক্ষরের আগে নিজের পবিত্র দায়িত্বের বিষয়টি বিবেচনায় আনতে হবে।
- ৩। শিক্ষকগণ তাদের ব্যক্তিগত রেজাল্ট যেমন এসএসসি, এইচএসসি, বিএ, বিএসসি, অনার্স, মাস্টার্স, বি.এড এম.এড পি.এইচডি ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণী উল্লেখ করুন। কারণ প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত রেজাল্ট এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে। অগ্রাধিকার পাওয়া না পাওয়ার শর্ত জড়িত আছে।
- ৪। প্রধান পরীক্ষক হওয়ার জন্য ন্যূনতম ১০ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা ০২ বারের অধিক পরীক্ষক ও প্রধান পরীক্ষক হওয়ার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
- ৫। First Joining (শিক্ষকতায় প্রথম যোগদান) এর বিষয়ে বর্তমান প্রতিষ্ঠানসহ পূর্ববর্তী কোন প্রতিষ্ঠানে শিক্ষকতার প্রমাণিত যোগদান পত্র বা অন্যান্য কাগজপত্রাদির সত্যতা সমর্থিত হতে হবে। অভিজ্ঞতায় যেহেতু নির্ধারিত পয়েন্ট রয়েছে তাই সর্বমোট শিক্ষকতার অভিজ্ঞতা হিসাব করে এন্ট্রি করুন।
- ৬। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী ব্যাংকের (১৩ ডিজিটের) হিসাব নম্বর (নিজ নামের হিসাব নম্বর) প্রদান করতে হবে।
- ৭। খণ্ডকালীন, অনিয়মিত, অতিথি শিক্ষক, অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষকদের তথ্য (OTP) তে পূরণ করা থেকে বিরত রাখুন।
- ৮। যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সে বিষয়েই Select করতে হবে। অন্যথায় ভবিষ্যতে বিভ্রমনার মুখে পড়তে হবে।
- ৯। শিক্ষকদের প্রশিক্ষণসহ সকল সনদ, নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধানের কাছে সংরক্ষণ করতে হবে। বোর্ড প্রয়োজনে ডকুমেন্টগুলো যাচাই করবে।
- ১০। ঢাকা বোর্ডের ২০১৮/২০১৯ খি: কোন পরীক্ষায় পুনঃনিরীক্ষণে নম্বর পরিবর্তন জনিত কারণে পরীক্ষক কিংবা প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগের জন্য স্থগিতাদেশ থাকলে ডাটা প্রেরণ থেকে বিরত থাকুন। (স্থগিতাদেশের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত)।
- ১১। ICT, কৃষিশিক্ষা, শারিরিক শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয় ছাড়া আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। কোন তথ্য গোপন করা হলে বা অসত্য তথ্য প্রদানকারী শিক্ষক এবং সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিবিমত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল

বিদ্যালয় ও কলেজ


(মোঃ সামদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০৯১-৫৩৩৩৫

Email:conbisemym@gmail.com